সংবাদ

তারিখ 30 JAN 2014
পৃষ্ঠা ১ কলাম ২

ড. ইউনূস জোয়াদ করিম ফজলে হাসান আবেদ সাকিব নিশাত মজুমদার

বিশ্বের সেরা ১০ অনুপ্রেরণাদানকারী বাংলাদেশির তালিকা প্রকাশ

সংবাদ ডেস্ক

বিশ্বের সেরা ১০ জন অনুপ্রেরণাদানকারী বাংলাদেশির তালিকা প্রকাশ করেছে লন্ডনভিত্তিক প্রতিষ্ঠান 'ব্রিটিশ বাংলাদেশি পাওয়ার অ্যান্ড ইন্সপিরেশন'। গত মঙ্গলবার ব্রিটিশ পার্লামেন্টের কমনওয়েলথ রুমে এই নাম ঘোষণা করা হয়। এই তালিকায় রয়েছেন গ্রামীণব্যাংকের প্রতিষ্ঠাতা ড. মুহাম্মদ ইউনূস, ইউটিউবের অন্যতম প্রতিষ্ঠাতা জোয়াদ করিম, ক্রিকেটার সাকিব আল হাসান, ব্র্যাকের প্রতিষ্ঠাতা স্যার ফজলে হাসান আবেদ, গুলশান একাডেমির প্রতিষ্ঠাতা সালমান খান, ডংগো ফাউন্ডেশনের করবি রাহসানদ, আইনজীবী সারা হোসেইন, মেডট্রনিকের সিইও ওমর ইসরাক, সুমাইয়া কাদী ও এভারেস্ট বিজয়ী নিশাত মজুমদার। একই সঙ্গে ব্রিটিশ সমাজব্যবস্থায় বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদান রাখছেন এমন অনুপ্রেরণাদানকারী প্রতিভাবান বাংলাদেশি বংশোদ্ভূত ১০০ জন ব্যক্তির তালিকাও প্রকাশ করা হয়। অনুষ্ঠানে ব্রিটিশ মন্ত্রী-এমপিরা ছাড়াও প্রভাবশালী ব্যক্তিদের অনেকেই উপস্থিত ছিলেন। তালিকায় স্থান পাওয়া ব্যক্তিদের নাম ঘোষণা করেন অফিস মিনিস্টার ব্যারোনেস সাইদিদা ওয়ার্সি, ডানি আলেক্সান্ডার এমপি।

তালিকা : পৃষ্ঠা ১৫ ক : ২

তালিকা : বাংলাদেশির

(১৪ পৃষ্ঠার পর)

বাংলাদেশবিষয়ক অল পার্টি পার্লামেন্টারিয়ান গ্রুপের চেয়ার অ্যান মেইন এমপি, ডেইম টেসা জাওয়েল এমপি, লর্ড কলন বিলিমোরিয়া প্রমুখ।

প্রসঙ্গত, ২০১২ সাল থেকে ব্রিটিশ বাংলাদেশি ১০০ অনুপ্রেরণাদানকারী ব্যক্তিত্বের তালিকা প্রকাশ করে আসছে বিবি পাওয়ার অ্যান্ড ইন্সপিরেশনের প্রতিষ্ঠানটি।

২০১৪ সালের প্রভাবশালী ব্রিটিশ বাংলাদেশি ব্যক্তিত্বদের তালিকাটি ২০টি ভিন্ন ক্যাটাগরিতে ভাগ করা হয়। রাজনীতি, ব্যবসা ও শিল্প উদ্যোগ, আবিষ্কার, পণ্যমাধ্যম, ক্রীড়া, সংস্কৃতি, সেলিব্রেটি, রেস্টুরেটার্স ও উদীয়মান প্রতিভা। তা ছাড়া প্রথমবারের মতো 'পিপলস চয়েস' নামের নতুন ক্যাটাগরি সংযুক্ত করা হয়েছে। যারা জনসাধারণের ভোটে তালিকায় স্থান পেয়েছেন। ফুরি বোর্ড সাফল্য ও অনুপ্রেরণার দৃষ্টান্ত স্থাপনকারী পাঁচ ব্যক্তিকে মনোনীত করেছেন। বিবি পাওয়ার অ্যান্ড ইন্সপিরেশনে বিশিষ্ট ব্যক্তিত্বদের মধ্যে রয়েছেন ইকবাল আহমেদ ওবিই (চেয়ারম্যান সিমার্ক গ্রুপ ও এনআরবি ব্যাংক) স্বপ্নারা খাতুন (ব্যারিস্টার এবং বিচারক) নুরুর রহমান (সরাসরি ভোটে প্রথম বাংলাদেশি নির্বাহী মেয়র) আসিফ আনওয়ার আহমদ (থাইল্যান্ডে নিযুক্ত ব্রিটিশ রাষ্ট্রদূত), প্রফেসর মুরাদ চৌধুরী (টেজারার আরবিএস) এবং মিহির বোস (স্পোর্টস জার্নালিস্ট) তালিকায় কম পরিচিত আরও কয়েকজন উদীয়মান ব্যক্তিত্ব রয়েছেন, যাদের মধ্যে রূপা হক (ব্রিটিশ ভ্রমণ লেখক পার্টির মনোনীত এমপি প্রার্থী), জুবায়ের হক (ফুটপাথ ফোর রেসিং ড্রাইভার)। ব্রিটিশ বাংলাদেশি অনুপ্রেরণাদানকারীদের নামের তালিকা প্রকাশ করতে গিয়ে ব্যারোনেস অফিস মিনিস্টার ব্যারোনেস সাইদিদা ওয়ার্সি বলেন, তালিকা প্রকাশের ভাবনাটি নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। উদ্যোগটি ভবিষ্যৎ প্রজন্মকে উৎসাহিত করবে। তালিকায় স্থান পাওয়া প্রভাবশালী রাজনীতিবিদ রোশনারা আলী এমপি প্রতিক্রিয়ায় বলেন, ব্রিটেনে বাংলাদেশিদের কাজের স্বীকৃতি আর অনুপ্রেরণায় বিবি পাওয়ার অ্যান্ড ইন্সপিরেশনের যাত্রা। কার্যক্রমটি আরও প্রসারিত হবে এবং নতুন প্রজন্মকে উদ্বুদ্ধ করবে বলেই আমার বিশ্বাস।